


**নাগমুনি যোগ / সাধুসর্প যোগ**

নাগমুনি যোগ / সাধুসর্প যোগ":---
জ্যোতিষ মতে শনি, রাহু ও কেতু উভয়েই অশুভ গ্রহ। শনি ও রাহু / কেতু যোগকে শাস্ত্র অনুসারে,দোষ হিসাবে বিবেচনা করা হয়. - "নাগমুনি যোগ / সাধুসর্প যোগ" ।
কালসর্প যোগের মত এটিও একটি অশুভ যোগ, বলা বাহুল্য কালসর্প যোগের থেকেও এটি বেশী অশুভ ফল দান করে।
যখন শনি ও রাহু / কেতু একই রাশিতে অবস্থান করে তখন এই যোগের সৃষ্টি হয়। এ ক্ষেত্রে দেখতে হবে ওদের নক্ষত্র,ডিগ্রী গত ব্যবধান, কোন লগ্নের পক্ষে কোন ভাবে ওরা আছে, সর্বোপরি, ওদের গৃহ স্বামী গ্রহ বলবান ও শুভ হলেও এই যোগ অশুভ ফল অপেক্ষা শুভ ফল বেশী দেবে। এই গ্রহ দুটি যখন ঘনিষ্ঠভাবে অর্থাৎ +/- 6 ডিগ্রীর মধ্যে থাকে তখন এই যোগটি জাতক/জাতিকার জীবনে খুবই অশুভ প্রভাব দেয়।
"নাগমুনি যোগ" বা "সাধুসর্প যোগ" আসলে কি?
1. যদি জন্মছকে রাহু এবং শনি গ্রহ একত্রে বৃষ, মিথুন, কন্যা, তুলা, অথবা কুম্ভ রাশিতে থাকে, তাহলে এই যোগ গঠিত হয় ।
2. কিছু ক্ষেত্রে, ধনু, মকর, বা মীন রাশিতে রাহু ও শনি একত্রে অবস্থান করলেও এই যোগ তৈরি হয় ।
"কালসর্প যোগ" থেকে "নাগমুনি যোগ" কিভাবে আলাদা ?
1. "কালসর্প যোগ" একটি অশুভ যোগ যা রাহু ও কেতুর অবস্থানের কারণে হয়ে থাকে। এই যোগে রাহু ও কেতু গ্রহের মধ্যে অন্যান্য গ্রহ আবদ্ধ থাকে । "কালসর্প যোগ" ব্যক্তিকে বিভিন্ন সমস্যা ও কষ্টের সম্মুখীন করতে পারে ।
2. অন্যদিকে, "নাগমুনি যোগ/ সাধুসর্প যোগ" রাহু / কেতু ও শনির অবস্থানের

কারণে গঠিত হয়  ব্যক্তিকে বিভিন্ন সমস্যা ও কষ্টের সম্মুখীন করতে পারে ।
প্রতিকারের উপায়:*****
এই যোগের অশুভ প্রভাব কমাতে কিছু উপায় অবলম্বন করা যেতে পারে।
উপায়গুলির মধ্যে প্রধান হল -

1. শিবের পূজা করা,
2. সর্প মন্ত্র জপ করা,
3. গুরু এবং ব্রাহ্মণদের সেবা করা,
4. দান করা,
5. রত্ন ধারণ করা (বিশেষজ্ঞের পরামর্শে)।

এসব প্রতিকার গ্রহণ করে নাগমণি যোগের অশুভ প্রভাব কমানো যেতে পারে।
যেহেতু এটি একটি জটিল বিষয়, তাই প্রতিকারের জন্য জ্যোতিষীর পরামর্শ নেওয়া উচিত।
"নাগমুনি যোগ/ সাধুসর্প যোগ" এর প্রভাব ব্যক্তি ভেদে ভিন্ন হতে পারে। কিছু ক্ষেত্রে, এটি মিশ্র ফলও দিতে পারে।

Published on: Jul, 30 2025 12:28